# তথ্য সংগ্রহের নির্দেশিকা

মুক্ত ও দূর শিক্ষার মাধ্যমে নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রবর্তিত বি.এড কার্যক্রম সম্পর্কিত তথ্যাদি।

প্রশিক্ষণার্থীদের প্রতি নির্দেশ তাঁরা যেন তথ্য সংগ্রহের জন্য নির্ধারিত ছক পূরণের পূর্বে নিম্নলিখিত বিষয়গুলি যত্নসহ পাঠ করেন। ভর্তি প্রক্রিয়ার জন্য তথ্য সংগ্রহের ছকটি পূরণ করা বাধ্যতামূলক।

- বি.এড ODL প্রক্রিয়াতে কেবলমাত্র পশ্চিমবঙ্গ সরকারের বিদ্যালয় শিক্ষা দপ্তর দ্বারা প্রস্তুতকৃত তালিকাভুক্ত শিক্ষক শিক্ষয়ত্রীরাই আবেদন করতে পারবেন।
- উক্ত তালিকা বহির্ভূত কোনও আবেদন গৃহীত হবে না।
- বি.এড ODL কর্মসূচি পশ্চিমবঙ্গের শুধুমাত্র NCTE অনুমোদিত B.Ed কলেজেই অনুষ্ঠিত হবে।
- উক্ত বি.এড কলেজগুলি Study Centre হিসাবে ব্যবহৃত হবে এবং আবেদনকারী শিক্ষক-শিক্ষয়ত্রীদেরকে অনলাইনে তাঁদের আবেদনের ভিত্তিতে সংশ্লিষ্ট Study Centre-এ যুক্ত করা হবে।
- Study Centre গুলিতে আবেদনকারীদের যুক্ত করার ক্ষেত্রে মহিলা ও দৈহিক প্রতিবন্ধী শিক্ষক-শিক্ষয়ত্রীদের কর্মরত জেলার অন্তর্গত কোনো Study Centre-এ ভর্তির সুযোগ দেওয়ার প্রচেষ্টা থাকবে।
- বি.এড ODL-এ ভর্তিযোগ্য সকল প্রশিক্ষণার্থীদেরকে এই কার্যক্রমে যুক্ত করতে রাজ্যের সকল NCTE অনুমোদিত বি.এড কলেজগুলি Study Centre হিসাবে ব্যবহৃত হবে এবং প্রশিক্ষণার্থীদের সুষম বন্টনের জন্য অঞ্চল ভিত্তিক জেলাগুচ্ছ গঠিত হবে।
- “জেলাগুচ্ছ” বলতে সন্নিহিত জেলাসমূহের গুচ্ছ বোঝায়। একটি জেলাগুচ্ছের অন্তর্ভুক্ত প্রার্থীদেরকে Study Centre-এ নথিভুক্ত করতে ঐ জেলাগুচ্ছের মধ্যে অবস্থিত সমস্ত Study Centre-কে ব্যবহার করা হবে।
- তথ্য সংগ্রহের ছকটি যথাযথভাবে পূরণ করতে হবে এবং নথিভূক্তিকরণের পর যে ID নম্বর পাওয়া যাবে সেটি পরবর্তী সময়ে

ভর্তির জন্য নথি access করতে প্রয়োজনে লাগবে, তাই লিখে রাখতে হবে।

- পূরণকৃত তথ্যসংগ্রহের ছক বাছাইয়ের পর অনলাইন নথিভূক্তি প্রক্রিয়ার দ্বিতীয় পর্যায় শুরু হবে।

## ভর্তি প্রক্রিয়া

ভর্তি প্রক্রিয়ায় নিম্নলিখিত ধাপগুলি অনুসৃত হবেঃ

প্রথমঃ আবেদনকারীকে তথ্য সংগ্রহের ছকটি পূরণ করে ID নম্বর নিতে হবে।

দ্বিতীয়ঃ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে বাছাইকৃত তালিকায় নিজের নামটি চিহ্নিত করতে হবে।

তৃতীয়ঃ ভর্তির জন্য অনলাইনে আবেদন করতে হবে এবং উক্ত আবেদন পত্রের মুদ্রিত কপি এবং কোর্স ফি জমা দেবার জন্য সংশ্লিষ্ট ব্যাঙ্ক চালান সংগ্রহ করতে হবে।

চতুর্থঃ আবেদনকারী তাঁর মুদ্রিত আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় কাগজপত্রের কপি যুক্ত করে Study Centre-এর সাথে যোগাযোগ করবেন। Study Centre নির্বাচনের সুযোগ Drop Down List থেকে মিলবে। অফিস চলাকালীন সময়ে Study Centre-এ গিয়ে Programme Coordinator দ্বারা সংযুক্ত কাগজপত্র যাচাই ও সত্যতা নিরুপণ করতে হবে।

পঞ্চমঃ কোর্স ফি জমা দেবার জন্য যে ব্যাঙ্ক চালান সংগৃহীত হয়েছে,সেটি Study Centre এর কোঅর্ডিনেটারকে দিয়ে সত্যতা নিরুপণ ও স্বাক্ষর করিয়ে এলাহাবাদ ব্যাঙ্কের যে কোনোশাখায় টাকা সহ জমা করতে হবে। টাকা জমা দেবার পর চালানের নির্ধারিত ২টি অংশ ব্যাঙ্ক থেকে নিতে হবে। একটি NSOU এবং অপরটি জমাকারীর কাছে থাকবে।

ষষ্ঠঃ এরপর ঘোষিত সময়ের মধ্যে অনলাইনে প্রাপ্ত আবেদনপত্র,সংশ্লিষ্ট প্রয়োজনীয় কাগজপত্র,নিজের ছবি, বিশ্ববিদ্যালয়ের জন্য নির্ধারিত ব্যাঙ্ক

চালানের অংশ ইত্যাদি Study Centre এ জমা দিতে হবে। Study Centre-এ সমস্ত কাগজপত্র জমা দেবার পর আবেদনকারী Study Centre-এর ভারপ্রাপ্ত আধিকারিকের স্বাক্ষরিত (সিল সহ)-প্রতিলিপি পাবেন। এই প্রতিলিপিটি প্রমাণ হিসাবে সংরক্ষিত করতে হবে।